গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
প্রশাসন শাখা
সেতু ভবন, বনানী, ঢাকা
www.bba.gov.bd

স্মারক নং ৫০.০১.০০০০.১০৩.১৪.০৩১.২০ - ৭৬

তারিখ: ২৪ মাঘ ১৪২৭
০৭ ফেব্রুয়ারী ২০২১

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের উন্নয়ন প্রকল্পের আওতাধীন ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্পে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (সরকারি বিধি মোতাবেক) জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী সাকুল্য বেতনে নিম্নবর্ণিত শর্তে জনবল নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও সাকুল্য বেতন (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১. | উপ সহকারী প্রকৌশলী (সিভিল)<br>গ্রেড-১০, বেতন: ২৭,১০০/- টাকা | ০৩ (তিন) | অনুর্ধ্ব-৩০ | কোন স্বীকৃত বোর্ড হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ অন্যূন ০৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা। |

**আবেদনের শর্ত ও নিয়মাবলী:**

০১. ০৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখে প্রার্থীর বয়সসীমা অনুর্ধ্ব ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা অনুর্ধ্ব ৩২ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা অনুর্ধ্ব ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

০২. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;

০৩. নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধিবিধান প্রতিপালিত হবে;

০৪. আবেদনকারী বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ওয়েবসাইট www.bba.gov.bd তে প্রবেশ করে **e-Recruitment menu** অথবা https://eservice.bba.gov.bd/recruitment/ এর মাধ্যমে **আগামী ০৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখ সকাল ১০.০০ টা থেকে শুরু হয়ে ০৪ মার্চ ২০২১ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত আবেদন করতে পারবেন;**

০৫. আবেদনপত্রে প্রার্থীকে তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবি ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৫০ kb-এর মধ্যে হতে হবে;

০৬. নির্ভুলভাবে আবেদনপত্র Submit করার পর প্রার্থী ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Auto Generated Registration Card পাবেন। সফলভাবে আবেদন করার পর আবেদনকারীর মোবাইলে এসএমএস ও ইমেইলে (যদি দেয়া হয়ে থাকে) একটি User ID ও Password প্রেরণ করা হবে। উক্ত রেজিস্ট্রেশন কার্ডে ফি পরিশোধের নির্দেশনা দেয়া থাকবে। রেজিস্ট্রেশন কার্ডটি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে;

০৭. প্রার্থীকে সফলভাবে আবেদনপত্র Submit করার ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে বিকাশের (bKash) মাধ্যমে পরীক্ষার ফি বাবদ (অফেরতযোগ্য) ৫০০.০০ টাকা এবং অনলাইন ফি বাবদ ১০.০০ টাকাসহ সর্বমোট ৫১০.০০ (পাঁচশত দশ) টাকা পরিশোধ করতে হবে। আবেদন করার ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে ফি পরিশোধে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;

০৮. User ID ও Password দিয়ে প্রার্থী নিজস্ব তথ্য উক্ত ওয়েবসাইট লিঙ্ক হতে পুনরুদ্ধার করতে পারবেন;

০৯. **বিকাশের মাধ্যমে টাকা জমাদানের প্রক্রিয়া:**

**১ম ধাপ:** আবেদনের ওয়েবসাইটের **e-Recruitment menu**-এর ক্লিক করে লগইন অপশন 'Applicant Login' অথবা https://eservice.bba.gov.bd/recruitment/index.php/userpanel/login বাটনে ক্লিক করুন;

**২য় ধাপ:** User ID ও Password প্রদান করে Applicant Dashboard-এ প্রবেশ করুন;

**৩য় ধাপ:** 'Payment Information/Download Admit Card' মেনুতে ক্লিক করুন;

**৪র্থ ধাপ:** 'Pay With bKash' লিংক-এ ক্লিক করার পর একটি পপআপ উইন্ডো আসবে। পপআপ উইন্ডো এর 'Your bKash Account number' টেক্সটবক্সে যে বিকাশ এ্যাকাউন্ট থেকে ফি পরিশোধ করা হবে সেটি প্রদান করুন;

**৫ম ধাপ:** বিকাশ এ্যাকাউন্ট প্রদান করার পর 'CONFIRM' বাটনে ক্লিক করুন;

**৬ষ্ঠ ধাপ:** বিকাশ থেকে একটি গোপন 'Verification Code' প্রদানকৃত বিকাশ এ্যাকাউন্টের নম্বরে এসএমএস প্রেরণ করা হবে। 'Verification Code'টি প্রদান করে 'CONFIRM' বাটনে ক্লিক করুন;

**৭ম ধাপ:** বিকাশ এ্যাকাউন্টের PIN নম্বরটি প্রদান করে 'CONFIRM' বাটনে ক্লিক করুন;

**৮ম ধাপ:** সফলভাবে ফি পরিশোধ হয়ে গেলে 'Transaction Successful. Your Payment has been successfully completed…' মেসেজ দেখাবে এবং আবেদনকারী প্রবেশপত্র ডাউনলোড ও প্রিন্ট করে সংরক্ষণ করবেন;

১০. বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের Website এবং প্রার্থীর মোবাইল (Mobile) ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) পরীক্ষার তারিখ, স্থান ও সময় জানিয়ে দেয়া হবে;

১১. বর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মাসিক সাকুল্য বেতনে উন্নয়ন প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিয়োগ করা হবে।

১২. প্রার্থীর যোগ্যতা যাচাই:

ক. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সনদসমূহের ফটোকপি জমা দিতে হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর আবেদন বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

চলমান পাতা-০২

খ. জেলার স্থায়ী বাসিন্দা বাংলাদেশের নাগরিকত্ব প্রমাণের সনদ হিসাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি করপোরেশন প্রদত্ত সনদ দাখিল করতে হবে;

গ. যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোনো সরকার বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না;

১৩. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

১৪. উপরোক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে।

১৫. নির্বাচিত প্রার্থীদের বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা উন্নয়ন প্রকল্পে নিয়োগ সংক্রান্ত সরকারি বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

১৬. উন্নয়ন প্রকল্প সমাপ্তির সঙ্গে সঙ্গে চাকুরি অবসান হবে। সে অনুযায়ী সংশ্লিষ্ট নিয়োগপত্রই চাকুরি অবসানের নোটিশ হিসেবে গণ্য হবে।

১৭. পদ সংখ্যা কম/বেশী করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৮. বিজ্ঞপ্তিটি বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের **Web Site: www.bba.gov.bd**-এ পাওয়া যাবে। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত কোনো সংশোধন, সংযোজন (যদি থাকে) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের এর নিজস্ব ওয়েবসাইটে পাওয়া যাবে।

09/02/22

(শরীফ মোহাম্মদ রেজাউল করিম)
উপপরিচালক (প্রশাসন)